# Times Today BD

কাজী শহিদুল্লাহ তনয় | ঢাকা | 17 May, 2025

সাভারে অপরাধমূলক কাজে বাধা দেওয়ায় ৭১ টিভির চিত্র সাংবাদিক মো. উজ্জল হোসেনের (৪২) ওপর হামলা করেছে সন্ত্রাসীরা। এঘটনায় গুরুতর আহত অবস্থায় তাকে উদ্ধার করে সাভার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে স্থানীয়রা।

শনিবার (১৭ মে) সকাল সাড়ে ১১ টার দিকে সাভারের উত্তর চাপাইন এলাকার মসজিদের সামনে তার ওপর হামলা চালায় সন্ত্রাসীরা।

সাংবাদিক উজ্জ্বল হোসেন সাভারের উত্তর চাপাইনের লালটেক এলাকার মো. জামাল হোসেনের ছেলে।

তিনি ৭১ টিভির চিত্র সাংবাদিক হিসেবে কর্মরত রয়েছেন।

আহত উজ্জ্বল বলেন, অভিযুক্তরা আ.লীগের সময় থেকে এখন পর্যন্ত নানা ধরনের অপকর্ম করে আসছেন। তাদের অত্যাচারে এলাকাবাসী অতিষ্ঠ। দেশের পট পরিবর্তন হলেও তারা এখনও পরিবর্তন হয় নি।তারা অপরাধমূলক কর্মকান্ড আগের মতই পরিচালনা করছেন।আমি তাদের শুধু সতর্ক করেছি তাতেই আমার ওপর দেশীয় অস্ত্রে সজ্জিত হয়ে হামলা চালায়।আমি এর বিচার চাই।

এ বিষয়ে সাভার মডেল থানায় একটি অভিযোগ দায়ের করা হয়েছে।

সাংবাদিক হামলা সন্ত্রাসী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:09

URL: https://www.timestodaybd.com/public/dhaka/2610775807